# যুগান্তর

তারিখ 21 JAN 2016
পৃষ্ঠা ২৬ কলাম ২

## কোম্পানীগঞ্জে কলেজে ভাংচুর : অধ্যক্ষের কক্ষে তালা

**কোম্পানীগঞ্জ (নোয়াখালী) প্রতিনিধি**

নির্বাচনী পরীক্ষায় অকৃতকার্য শিক্ষার্থীরা এইচএসসি পরীক্ষার ফরম পূরণের দাবিতে নোয়াখালীর কবিরহাট সরকারি কলেজের অধ্যক্ষের রুমে তালা ঝুলিয়ে দেয়। এতে অধ্যক্ষ মো. হাবিবুর রহমান আকন্দ অবরুদ্ধ হয়ে পড়েন। বুধবার বেলা সাড়ে ১১টার দিকে এ ঘটনা ঘটে। অধ্যক্ষ অভিযোগ করে বলেন, সকালে তিনি একটি ক্লাস নেয়ার সময় অকৃতকার্য শিক্ষার্থীদের মধ্যে ব্যবসা শিক্ষা শাখার দু'জন ছাত্রের নেতৃত্বে কয়েকজন শিক্ষার্থী তার কক্ষসহ কয়েকটি কক্ষে তালা ঝুলিয়ে দেয়। এ সময় তারা একটি জানালার কাচ ও একটি দরজা ভাংচুর করে। পরে কয়েকজন শিক্ষার্থীর সহযোগিতায় কলেজের কর্মচারীরা কক্ষগুলোর তালা খুলে দেন। সংবাদ পেয়ে কবিরহাট থানার পুলিশ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। শিক্ষার্থীদের অভিযোগ, কলেজ কর্তৃপক্ষ সবগুলো বিষয়ে অকৃতকার্য কয়েকজন শিক্ষার্থীর কাছ থেকে মোটা অংকের টাকা নিয়ে তাদের ফরম পূরণ করেছে। কিন্তু অজ্ঞাত কারণে বাকি শিক্ষার্থীদের ফরম পূরণ করতে দিচ্ছে না কলেজ কর্তৃপক্ষ।